দৈনিক বাংলা



তারিখ ... 21 APR 1988 ...
পৃষ্ঠা ... 1 কলাম 5 ...



বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল বুধবার প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে দেখা করেন

# এরশাদের সঙ্গে প্রাথমিক শিক্ষক প্রতিনিধিদলের বৈঠক

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল বুধবার প্রেসিডেন্ট এইচ এম এরশাদের সঙ্গে প্রেসিডেন্টের সচিবালয়ে দেখা করেছে।

সমিতির সভাপতি আবুল কালাম আজাদের নেতৃত্বে প্রতিনিধিদল সম্প্রতি অনুষ্ঠিত সমিতির জাতীয় মহা সম্মেলনে যোগদান ও সদস্যদের উদ্দেশে ভাষণ দেয়ার জন্যে প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।

তাঁদের ২১ দফা দাবী সহানুভূতির সঙ্গে বিবেচনার আশ্বাস দেয়ার জন্যে তাঁরা প্রেসিডেন্টকে তাঁদের কৃতজ্ঞতাও জানান। খবর বাসসের।